



Southeast Bank PLC.
a bank with vision

J.P.Morgan

THE 2025 U.S. DOLLAR CLEARING ELITE QUALITY RECOGNITION AWARD

BY

J.P. MORGAN CHASE BANK N.A.

RECOGNIZING AS A TOP PERFORMER



জেপি মরগান চেজের স্বীকৃতি পেল সাউথইস্ট ব্যাংক

বনিক বার্তা ডেস্ক

যুক্তরাষ্ট্রভিত্তিক বৃহত্তম ব্যাংক জেপি মরগান চেজ ব্যাংক এনএর 'দ্য ২০২৫ ইউএস ডলার ক্লিয়ারিং এলিট কোয়ালিটি রিকগনিশন অ্যাওয়ার্ড ফর আউটস্ট্যান্ডিং অ্যাচিভমেন্ট অব বেস্ট ইন ক্লাস' অর্জন করেছে সাউথইস্ট ব্যাংক পিএলসি। এ উপলক্ষে সম্প্রতি এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় জেপি মরগান চেজের বাংলাদেশ

প্রতিনিধি কার্যালয়ের নির্বাহী পরিচালক ও হেড অব ফাইন্যান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যান্ড ট্রেজারি সার্ভিস সাজ্জাদ আনামের কাছ থেকে সম্মাননা স্মারক এবং সনদ গ্রহণ করেন সাউথইস্ট ব্যাংকের চেয়ারম্যান এমএ কাশেম। অনুষ্ঠানে জানানো হয়, এমটি ১০৩ লেনদেন প্রক্রিয়াকরণে ৯৯ দশমিক ৭১ শতাংশ স্ট্রেইট গ্রু প্রসেসিং (এসটিপি) হার বজায় রেখে সাউথইস্ট ব্যাংক জেপি মরগানের কঠোর

এসটিপি পারফরম্যান্স মানদণ্ড অতিক্রম করেছে। এ অসাধারণ পারফরম্যান্সের স্বীকৃতিস্বরূপ ব্যাংকটিকে জেপি মরগান পুরস্কারে ভূষিত করা হয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সাউথইস্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খালিদ মাহমুদ খানসহ অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক, বিভাগীয় প্রধান এবং সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তারা।